গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১৭৭/২০১৯-২০২০
ঢাকা ২৭ ফেব্রুয়ারি বৃহস্পতিবার ২০২০, ১৪ ফাল্গুন ১৪২৬

১। উরুগুয়ের পথে লন্ডনে রাষ্ট্রপতি
২। ঢাকার দুই সিটি মেয়র ও কাউন্সিলরদের শপথ আজ
৩। মাধ্যমিকেই বিষয়ভিত্তিক বিভাজন নয় : প্রধানমন্ত্রী
১৭২ কৃতি শিক্ষার্থীকে প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান
৪। করোনাভাইরাস মোকাবিলায় চীনের পাশে দাঁড়ানোর জন্য
প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে প্রেসিডেন্ট শি জিনপিংয়ের চিঠি
৫। টেস্টে জিম্বাবুইয়েকে পরাজিত করায় বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন
৬। যুব মহিলা লীগের অপকর্মে জড়িতদের খুঁজে বের করার নির্দেশ প্রধানমন্ত্রীর
৭। বঙ্গবন্ধুর আদর্শ শিশুদের মধ্যে ছড়িয়ে দিতে হবে : রংপুরে স্পিকার
৮। অপরাধ করে কেউই পার পাবে না : সেতুমন্ত্রী
৯। রাজনৈতিক পরিচয়ে ফায়দা লুটতে দেবে না সরকার : তথ্যমন্ত্রী
১০। ডাকঘর সঞ্চয় স্কিমের সুদ আগের মতোই থাকবে : অর্থমন্ত্রী
মন্ত্রিসভা কমিটিতে ৭ ক্রয় প্রস্তাব অনুমোদন
১১। রোহিঙ্গা সঙ্কট সমাধানে জার্মানির পদক্ষেপ চান পররাষ্ট্রমন্ত্রী
১২। বিমসটেক এফটিএ বাণিজ্য বাড়াবে : ভারতে বাণিজ্যমন্ত্রী
১৩। দরিদ্রদের সেবায় খাস পুকুর দখলমুক্ত করা হবে : ভূমিমন্ত্রী
১৪। স্থলবন্দরগুলোয় ১৪ দুর্নীতির উৎস পেয়েছে দুদক
দুনীতি বন্ধে যা পদক্ষেপ দরকার তা নেয়া হবে : নৌপ্রতিমন্ত্রী
১৫। করোনাভাইরাস প্রতিরোধে দেশে তিন স্তরের প্রস্তুতি
১৬। আইসিজেতে রোহিঙ্গাদের পক্ষে লড়বেন মানবাধিকার আইনজীবী আমাল ক্লুনি

চলমান পাতা-২

১। উরুগুয়ের পথে লন্ডনে রাষ্ট্রপতি

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ১১ দিনের সফরে উরুগুয়ে যাওয়ার পথে গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) লন্ডনে পৌঁছেছেন। রাষ্ট্রপতিকে নিয়ে আমিরাত এয়ারলাইন্সের একটি ভিভিআইপি ফ্লাইট ইকে ৫৮৫ স্থানীয় সময় বেলা ১১টা ৫১ মিনিটে হিথ্রো আন্তর্জাতিক বিমানবন্দরে পৌঁছে। যুক্তরাজ্যে বাংলাদেশের হাইকমিশনার সাইদা মুনা তাসনিম বিমানবন্দরে রাষ্ট্রপতিকে স্বাগত জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **যায়যায়দিন** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

২। ঢাকার দুই সিটি মেয়র ও কাউন্সিলরদের শপথ আজ

ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের নবনির্বাচিত মেয়র এবং কাউন্সিলররা আজ ২৭ ফেব্রুয়ারি বৃহস্পতিবার শপথ নেবেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা নবনির্বাচিত দুই মেয়রকে এবং স্থানীয় সরকার মন্ত্রী দুই সিটির সাধারণ ও সংরক্ষিত ওয়ার্ডের ১৭২ জন কাউন্সিলরকে শপথ পাঠ করাবেন। সূত্র- **সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (শেষ পৃ,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩)।

৩। মাধ্যমিকেই বিষয়ভিত্তিক বিভাজন নয় : প্রধানমন্ত্রী
১৭২ কৃতি শিক্ষার্থীকে প্রধানমন্ত্রী স্বর্ণপদক প্রদান

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বিজ্ঞান শিক্ষার ওপর গুরুত্বারোপ করে প্রচলিত শিক্ষা ব্যবস্থায় নবম শ্রেণি থেকেই বিষয়ভিত্তিক বিভাজন (বিজ্ঞান-কলা-বাণিজ্য) তুলে দেওয়ার বিষয়ে অভিমত ব্যক্ত করে বলেছেন, 'মাধ্যমিক পর্যন্ত এ বিভাজন না থাকাই ভালো। এসএসসির পরে গিয়ে যদি বিভক্ত হয়, সেটাই ভালো। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ে (পিএমও) বিভিন্ন সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মেধাবী শিক্ষার্থীদের মধ্যে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক-২০১৮' বিতরণকালে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। এ অনুষ্ঠানে ৩৬টি বিশ্ববিদ্যালয়ের ১৭২ জন মেধাবী শিক্ষার্থীর হাতে 'প্রধানমন্ত্রী স্বর্ণপদক' তুলে দেন প্রধানমন্ত্রী। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ.১,ক.১),**নিউ নেশন** (শেষ পৃ.,ক.৬)।

৪। করোনাভাইরাস মোকাবিলায় চীনের পাশে দাঁড়ানোর জন্য
প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানিয়ে প্রেসিডেন্ট শি জিনপিংয়ের চিঠি

করোনাভাইরাসের প্রাদুর্ভাবে চীনের পাশে দাঁড়ানোর জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ জানিয়েছেন দেশটির প্রেসিডেন্ট শি জিনপিং। এক চিঠিতে তিনি প্রধানমন্ত্রী শেখ হাসিনার পাশাপাশি বাংলাদেশের নাগরিকদের প্রতিও কৃতজ্ঞতা জানিয়েছেন। গত ২৪ ফেব্রুয়ারি সোমবার চীনের প্রেসিডেন্টের কার্যালয় থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ঐ চিঠি পাঠানো হয়। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়েছে। চিঠিতে করোনাভাইরাস মোকাবিলায় চীনের পক্ষ থেকে সর্বাত্মক উদ্যোগ নেওয়ার কথা বলা হয়েছে। এছাড়া 'মুজিববর্ষ' উদযাপনের সাফল্যের প্রত্যাশাও জানান দেশটির প্রেসিডেন্ট জিনপিং। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.১), **সংবাদ** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.৫)।

৫। টেস্টে জিম্বাবুইয়েকে পরাজিত করায় বাংলাদেশ ক্রিকেট দলকে প্রধানমন্ত্রীর অভিনন্দন

প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল সিরিজের একমাত্র টেস্টে জিম্বাবুইয়েকে পরাজিত করায় বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলকে অভিনন্দন জানিয়েছেন। ঢাকায় শেরেবাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়ামে বাংলাদেশ জিম্বাবুইয়েকে এক ইনিংস ও ১০৬ রানের বিশাল ব্যবধানে পরাজিত করে। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) এক অভিনন্দন বার্তায় ক্রিকেট অনুরাগী প্রধানমন্ত্রী জিম্বাবুইয়ের বিরুদ্ধে বিশাল বিজয়ের জন্য সকল খেলোয়াড়, বাংলাদেশ জাতীয় দলের কোচ ও কর্মকর্তা এবং বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সংশ্লিষ্ট কর্মকর্তাদের অভিনন্দন জানান। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.১,ক.৮)।

৬। যুব মহিলা লীগের অপকর্মে জড়িতদের খুঁজে বের করার নির্দেশ প্রধানমন্ত্রীর

আওয়ামী লীগ সভানেত্রী ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা সারাদেশে যুব মহিলা লীগের কারা অপকর্মে জড়িত তা খুঁজে বের করার নির্দেশ দিয়েছেন। নরসিংদী যুব মহিলা লীগের বহিষ্কৃত সাধারণ সম্পাদক পাপিয়াকে নিয়ে দেশব্যাপী আলোচনার মধ্যে গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) সংগঠনটির দুই শীর্ষ নেত্রী নাজমা আক্তার ও অপু উকিল সাক্ষাৎ করতে গেলে প্রধানমন্ত্রী এ নির্দেশ দেন। **সূত্র-ইত্তেফাক** (পৃ.২,ক.২), **সমকাল** (পৃ.১,ক.৫)।

৭। বঙ্গবন্ধুর আদর্শ শিশুদের মধ্যে ছড়িয়ে দিতে হবে : রংপুরে স্পিকার

বঙ্গবন্ধুর আদর্শ শিশুদের মধ্যে ছড়িয়ে দেওয়ার আহ্বান জানিয়ে জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, শিশুরা সে আদর্শ ধারণ করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা গড়ার কাজে এগিয়ে আসবে। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) রংপুরের পীরগঞ্জ উপজেলা পরিষদ মিলনায়তনে শিশুদের নিয়ে এক অনুষ্ঠানে তিনি এ কথা বলেন। স্পিকার বলেন, মুজিববর্ষে শিশুদের বাংলাদেশের সঠিক ইতিহাস জানাতে হবে। বঙ্গবন্ধু আজীবন অন্যায়ের বিরুদ্ধে আপসহীন থেকে মাথা উঁচু করে নিজেদের প্রতিষ্ঠা করার জন্য সংগ্রাম করেছেন, বঙ্গবন্ধুর সে ত্যাগ থেকে শিশুদের শিক্ষা নিতে হবে। তিনি বলেন, শিক্ষা বিস্তারে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সূত্র-**সমকাল** (পৃ.১৯,ক.৫), **সংবাদ** (পৃ.২,ক.১)।

৮। অপরাধ করে কেউই পার পাবে না : সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিজের দল থেকেই অপরাধীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া শুরু করেছেন। অপরাধ করে আওয়ামী লীগের কেউই পার পাবে না। অতীতে কোনো সরকার, কোনো প্রধানমন্ত্রী কিংবা রাষ্ট্রপতি নিজের দলের অপরাধীদের বিরুদ্ধে কোনো ব্যবস্থা নেননি। সে সময় অপরাধীরা অপরাধ করে পার পেয়ে গেছে। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় জাদুঘরে শিশু-কিশোরদের মধ্যে শিক্ষাসামগ্রী ও ল্যাপটপ বিতরণ অনুষ্ঠান এবং আলোচনাসভায় সেতুমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৯। রাজনৈতিক পরিচয়ে ফায়দা লুটতে দেবে না সরকার : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহমুদ বলেছেন, কেউ রাজনৈতিক পরিচয় ব্যবহার করে ফায়দা লুটবে, সেটি প্রধানমন্ত্রী ও আওয়ামী লীগ সভানেত্রী শেখ হাসিনা হতে দেবেন না। সে কারণেই এদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের মহাসচিব শাবান মাহমুদ রচিত 'বঙ্গবন্ধুর সারা জীবন' গ্রন্থের প্রকাশনা উৎসবে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। **সূত্র**-ইত্তেফাক (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.১)।

১০। ডাকঘর সঞ্চয় স্কিমের সুদ আগের মতোই থাকবে : অর্থমন্ত্রী
মন্ত্রিসভা কমিটিতে ৭ ক্রয় প্রস্তাব অনুমোদন

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, দেশের সব ডাকঘর অটোমেশন করার পর আগামী ১৭ মার্চ থেকে ডাকঘর সঞ্চয় স্কিমের সুদহার আগের অবস্থায় ফিরিয়ে নেওয়া হবে। তিনি বলেন, অটোমেশন প্রক্রিয়ার পর ডাকঘর সঞ্চয় স্কিম ২ লাখের বেশি হলে তাদের জন্য টিআইএন নম্বর বাধ্যতামূলক করা হবে। সেদিন থেকে ডাকঘর সঞ্চয় স্কিমের সুদের হার আগের মতো ১১ দশমিক ২৮ শতাংশে আবার ফিরে যাবে। এ সিদ্ধান্ত প্রথম পর্যায়ে বাস্তবায়ন হবে জেলা পর্যায়ে, এরপর উপজেলা পর্যায়ে। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে মন্ত্রিপরিষদ বিভাগের সম্মেলনকক্ষে সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। অর্থমন্ত্রীর সভাপতিত্বে গতকাল সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটির বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে মোট সাতটি ক্রয় প্রস্তাব অনুমোদন দেওয়া হয়েছে। এরমধ্যে সড়ক ও জনপদ অধিদপ্তরের আওতায় টোল প্লাজা অটোমেশন প্রকল্প রয়েছে। সড়ক ও জনপদ অধিদপ্তরের আওতায় ধলেশ্বরীতে কম্পিউটারাইজড টোল প্লাজা করা হবে। **সূত্র-ইত্তেফাক (পৃ.১,ক.৩), জনকণ্ঠ** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৪)।

১১। রোহিঙ্গা সঙ্কট সমাধানে জার্মানির পদক্ষেপ চান পররাষ্ট্রমন্ত্রী

পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন রাখাইন থেকে বাস্তুচ্যুত রোহিঙ্গারা যেন তাদের জন্মভূমিতে নিরাপদে, সম্মানের সঙ্গে ও টেকসই পরিবেশে ফিরে যেতে পারে, সেজন্য সেখানে একটি উপযুক্ত পরিবেশ সৃষ্টিতে মিয়ানমারকে বাধ্য করার লক্ষে অর্থবহ পদক্ষেপ গ্রহণে জার্মানির প্রতি আহ্বান জানিয়েছেন। জার্মানির সফররত অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়নমন্ত্রী ড. গ্রেড মুলারের সঙ্গে গত ২৫ ফেব্রুয়ারি মঙ্গলবার পার্লামেন্টে এক বৈঠকে পররাষ্ট্রমন্ত্রী এ আহ্বান জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১)।

১২। বিমসটেক এফটিএ বাণিজ্য বাড়াবে : ভারতে বাণিজ্যমন্ত্রী

বিমসটেকভুক্ত দেশগুলোর মধ্যে মুক্ত বাণিজ্য চুক্তি (এফটিএ) হলে বাংলাদেশসহ সাত দেশের বাণিজ্যে নতুন দিগন্তের সূচনা হবে। এতে দেশগুলোর মধ্যে পারস্পরিক বাণিজ্য বাড়বে বলে উল্লেখ করেন বাণিজ্যমন্ত্রী টিপু মুনশি। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) ভারত চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির উদ্যোগে মুম্বাইয়ে ওয়ার্ল্ড ট্রেড সেন্টারে দু'দিনের বিমসটেক এক্সপো ২০২০-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি বলেন, বিমসটেক এফটিএ স্বাক্ষর করতে সদস্য দেশের আন্তরিক সহযোগিতা প্রয়োজন। আঞ্চলিক বাণিজ্য টেকসই করতে ওয়ার্কিং গ্রুপ গঠন করে কার্যকর কৌশল গ্রহণ করার পরামর্শ দেন তিনি। সূত্র-**সমকাল** (পৃ.১২,ক.৮), **বণিক বার্তা** (পৃ.২,ক.৫)।

১৩। দরিদ্রদের সেবায় খাস পুকুর দখলমুক্ত করা হবে : ভুমিমন্ত্রী

ভুমিমন্ত্রী সাইফুজ্জামান চৌধুরী বলেছেন, দরিদ্রদের সেবায় খাস পুকুর দখলমুক্ত করা হবে। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) সচিবালয়ে ভুমি মন্ত্রণালয়ের সম্মেলনকক্ষে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে (এডিপি) অন্তর্ভুক্ত প্রকল্পগুলোর অগ্রগতি পযালোচনা সভায় তিনি এ কথা বলেন। তিনি বলেন, পুকুর-জলাশয় দখলমুক্ত করে সমাজের হতদরিদ্র ভূমিহীনদের ব্যবহারের জন্য উন্মুক্ত করে দেওয়া হবে। অথবা প্রকৃত মৎস্যজীবীদের বৈধভাবে বরাদ্দ দেওয়া হবে। সূত্র-**আমাদেরঅর্থনীতি** (শেষ পৃ,ক.৪), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৫)।

১৪। স্থলবন্দরগুলোয় ১৪ দুর্নীতির উৎস পেয়েছে দুদক
দুনীতি বন্ধে যা পদক্ষেপ দরকার তা নেয়া হবে : নৌপ্রতিমন্ত্রী

স্থলবন্দরগুলোয় ১৪টি দুর্নীতির উৎস খুঁজে পেয়েছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। এসব উৎসের মধ্যে বন্দর ও কাস্টমসের অসাধু কর্মকর্তা-কর্মচারীদের সহযোগিতায় বিনা শুল্কে আমদানি পণ্য বের করে নেয়া, অযোগ্য ঠিকাদারদের কাজ দেয়া, শেড বা গুদাম থেকে মাল চুরি এবং সিবিএ নেতাদের কমিশন বাণিজ্য অন্যতম। দুর্নীতিগুলো বন্ধে ২৮টি সুপারিশ করেছে দুদক। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) নৌপরিবহণ প্রতিমন্ত্রী খালিদ মাহ্মুদ চৌধুরীর হাতে এ সংক্রান্ত প্রতিবেদন তুলে দেন দুদক কমিশনার ড. মোজাম্মেল হক খান। নৌপ্রতিমন্ত্রী বলেন, এ প্রতিবেদন দলিল হিসেবেই নিচ্ছি। এগুলোকে আমরা বিস্তারিত আলোচনা-পর্যালোচনা করব। দুর্নীতি দমনের ক্ষেত্রে যতটুকু পদক্ষেপ নেয়া দরকার, তা নেব। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (পৃ.১,ক.৭)।

১৫। করোনাভাইরাস প্রতিরোধে দেশে তিন স্তরের প্রস্তুতি

দেশে এখনও করোনাভাইরাস সংক্রমিত কোনো রোগী পাওয়া না গেলেও এটি প্রতিরোধে তিন ধরনের প্রস্তুতি নিয়েছে স্বাস্থ্য বিভাগ। গতকাল (২৬ ফেব্রুয়ারি বুধবার) সংবাদসম্মেলনে সরকারের জাতীয় রোগতত্ত্ব, রোগ নিয়ন্ত্রণ ও গবেষণা প্রতিষ্ঠান (আইইডিসিআর) এ তথ্য জানায়। প্রতিষ্ঠানটির পরিচালক অধ্যাপক ডা. মীরজাদি সেব্রিনা ফ্লোরা বলেন, করোনার বিস্তার ঠেকাতে স্বাস্থ্য মন্ত্রণালয়, স্বাস্থ্য অধিদপ্তর ও আইইডিসিআরের সমন্বয়ে প্রস্তুতির খসড়া তৈরি করা হয়েছে। আগে থেকেই করোনাভাইরাস প্রতিরোধে পূর্বপ্রস্তুতি নিয়ে কাজ করা হচ্ছে। আক্রান্ত কাউকে পাওয়া গেলে তার ব্যবস্থাপনা কী হবে, সে প্রস্তুতি আগেভাগেই নেওয়া হয়েছে। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **যায়যায়দিন** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.২)।

১৬। আইসিজেতে রোহিঙ্গাদের পক্ষে লড়বেন মানবাধিকার আইনজীবী আমাল ক্লুনি

আন্তর্জাতিক বিচার আদালতে (আইসিজে)রোহিঙ্গাদের পক্ষে লড়বেন সুপরিচিত মানবাধিকার আইনজীবী আমাল ক্লুনি। জাতিসংঘের সর্বোচ্চ আদালতে রোহিঙ্গাদের পক্ষে কথা বলতে তাঁকে নিয়োগ করেছে মালদ্বীপ। দেশটির সরকার জানায়, আইসিজেতে গাম্বিয়ার সঙ্গে আনুষ্ঠানিকভাবে যোগ দেবে তারা। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৭), **ইত্তেফাক** (শেষ পৃ,ক.৪), **নিউ এজ** (পৃ.১,ক.৪)।

সম্পাদকীয়

ক. **ভোরের কাগজ :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ভাষণের ঐতিহাসিক গুরুত্ব বিবেচনা করে ৭ মার্চকে জাতীয় দিবস ঘোষণা করে আগামী এক মাসের মধ্যে গেজেট প্রকাশ করে বাস্তবায়ন প্রতিবেদন দাখিল করতে নির্দেশ দিয়েছে হাইকোর্ট উল্লেখ করে এতে পুরো বাঙালি জাতি, সব শহীদ, মুক্তিযোদ্ধা, মুক্তিযুদ্ধের স্বপক্ষের সব শক্তি সম্মানিত হয়েছে বলে মন্তব্য।

খ. **ইত্তেফাক :** ঝিনাইদহের কালীগঞ্জ পৌর এলাকার আড়পাড়া শিবনগর সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয়ের এক শিক্ষিকা তারই এক শিক্ষার্থীকে শাসন করার অপরাধে শিক্ষার্থীর অভিভাবক পিটিয়ে শিক্ষিকার হাত ভেঙ্গে দিয়েছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ধরনের ঘটনার জন্য দায়ীদের বিচারের আওতায় আনার দাবি।

গ. **সংবাদ** : পরিসংখ্যান ব্যুরোর প্রকাশিত এক প্রতিবেদনে বর্তমানে ১ থেকে ১৪ বছর বয়সী শিশু ৮৮ দশমিক ৭ শতাংশ সহিংস আচরণের শিকার হচ্ছে, যা ২০১৩ সালে ছিল ৮২ দশমিক ৩ শতাংশ এ তথ্য প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে শিশুদের সুরক্ষায় সব ধরনের শিশু নির্যাতনে দ্রুত বিচার এবং অপরাধীদের দৃষ্টান্তমূলক শাস্তি নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **যুগান্তর** : ঢাকা ও চট্টগ্রাম মহানগরীর জলাবদ্ধতা নিরসনে করণীয় এবং পানি নিষ্কাশন প্রকল্পের অগ্রগতি পর্যালোচনা সভায় সরকারের সংশ্লিষ্ট দফতরের প্রতিনিধিরা এবারের বর্ষায় জলাবদ্ধতা ভয়াবহ রূপ ধারণ করতে পারে বলে আশঙ্কা প্রকাশ করেছেন উল্লেখ করে এ অবস্থা নিরসনে আগাম প্রস্তুতি নেওয়ার ওপর গুরুত্বারোপ।

ঙ. **বণিক বার্তা** : বায়ু মানসংক্রান্ত তথ্য সেবাদাতা আন্তর্জাতিক প্রতিষ্ঠান আইকিউএয়ারের '২০১৯ ওয়ার্ল্ড এয়ার কোয়ালিটি রিপোর্ট' শীর্ষক প্রতিবেদন অনুযায়ী সবচেয়ে বেশি বায়ুদূষণকারী দেশগুলোর তালিকায় বাংলাদেশ এখন শীর্ষে এবং সবচেয়ে বেশি দূষিত রাজধানীর তালিকায় ঢাকার অবস্থান এখন দ্বিতীয় এ তথ্য প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার সুপারিশ।

চ. **ফিনানশিয়াল এক্সপ্রেস** : শিশুর সুস্বাস্থের জন্য পুষ্টিহীনতা দূর করতে সচেতনতা আহ্বান।

ছ. **নিউজ টুডে :** নিত্যপণ্যের মূল্যবৃদ্ধি রোধে নিয়মিত বাজার মনিটরিংয়ের ওপর গুরুত্বারোপ।

উপসম্পাদকীয়

সংবাদ পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আজকের শিশু আগামী দিনের সুনাগরিক, তাই শিশুর সুষম বিকাশের জন্য শারীরিক ও মানসিক উভয় দিকের প্রতি যত্ন নেয়া প্রয়োজন।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'বাংলা ভাষা এবং আমরা বাঙালিরা'** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, বাংলা ভাষাকে আমাদের পরবর্তী প্রজন্মের কাছে যত্নসহকারে তুলে ধরতে হবে, আর চর্চার মাধ্যমেই তা সম্ভব।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/খোরশেদ/২০২০/৯.০০ঘন্টা